

বাক্বিতে ভর্তি পরীক্ষা ৫ ডিসেম্বর

বাক্বি প্রতিনিষি

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে (বাক্বি)
২০১৫-১৬ শিক্ষাবর্ষে মাত্রক প্রথম
বর্ষের ভর্তি পরীক্ষা এবারই প্রথম দুই
শিফটে অনুষ্ঠিত হতে যাচ্ছে। সোমবার
দুপুরে বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক
ড. মো. আলী আকবর এক সংবাদ
সম্মেলনে এ তথ্য জানান।
ভর্তি কমিটি সূত্রে জানা গেছে, আগামী
৫ ডিসেম্বর বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষা
অনুষ্ঠিত হবে। ছয়টি অনুষদে মোট
আসন সংখ্যা ১২০০।
সংবাদ সম্মেলনে বলা হয়,
বিশ্ববিদ্যালয়ে সীট সংখ্যা সংকুলান না
হওয়ায় দুই শিফটে পরীক্ষা নেয়া হবে।
৩ই দিন সন্ধ্যা ১০টায় ও দুপুর ১২টায়
এক ঘণ্টা করে পরীক্ষা অনুষ্ঠিত হবে।
আজ প্রবেশপত্র ডাউনলোডের শেষ
দিন। ভর্তি পরীক্ষা সংক্রান্ত যে কোনো
তথ্য বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে
(<http://admission.bau.edu.bd>)
জানা যাবে।